

الْحَسِيبُ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৪১ তম নাম ‘الْحَسِيبُ’ আজকের আলোচনার বিষয়। আরবি ভাষায় ‘الْحَسِيبُ’ শব্দের মূল ب - س - ح , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ১০৯ বার এসেছে। হিসাব গ্রহণকারী, হিসাব সংরক্ষণকারী, চিন্তা, হিসাব, যথেষ্ট ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْحَسِيبُ অর্থ: ‘তিনি সকলের হিসাব গ্রহণকারী’।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

وَإِذَا حُيِّبْتُمْ بِتَحِيَّةٍ فَحَيُّوا بِأَحْسَنَ مِنْهَا أَوْ رُدُّوهَا إِنَّ اللَّهَ كَانَ عَلَىٰ كُلِّ شَيْءٍ حَسِيبًا ﴿٨٦﴾

যখন তোমাদের অভিবাদন করা হয়, তখন তোমরাও তার চাইতে উত্তম ভাবে অভিবাদনের জবাব দাও। অথবা অন্তত অনুরূপ জবাব দাও। নিশ্চয়ই আল্লাহ প্রতিটি বিষয়ের হিসাব গ্রহণ করবেন। (সূরা আন নিসা: আয়াত নং ৮৬)

ثُمَّ رُدُّوا إِلَى اللَّهِ مَوْلَاهُمْ الْحَقَّ ۗ أَلَا لَهُ الْحُكْمُ وَهُوَ أَسْرَعُ ۗ الْحَاسِبِينَ ﴿٦٢﴾

তারপর তাদের ফেরত পাঠানো হয় তাদের প্রকৃত মাওলা আল্লাহর কাছে। জেনে রাখ, সমস্ত কর্তৃত্ব কেবল তাঁরই। আর হিসাব গ্রহণে তিনি সবচেয়ে দ্রুততর। (সূরা আন’আম: আয়াত নং ৬২)

وَنَضَعُ الْمَوَازِينَ الْقِسْطَ لِيَوْمِ الْقِيَامَةِ فَلَا تُظْلَمُ نَفْسٌ شَيْئًا ۚ وَإِنْ كَانَ مِثْقَالَ حَبَّةٍ مِّنْ خَرْدَلٍ أَتَيْنَا بِهَا وَكَفَىٰ بِنَا حَاسِبِينَ ﴿٤٧﴾

কেয়ামতকালে আমরা স্থাপন করবো ন্যায় বিচারের দণ্ড। তখন কারো প্রতি বিন্দুমাত্র যুলুম করা হবে না। কারো কর্ম যদি শস্য পরিমাণ ওজনেরও হয়, সেটাও আমরা ওজনের আওতায় নিয়ে আসবো। হিসাব গ্রহণকারী হিসেবে আমরাই যথেষ্ট। (সূরা আশ্বিয়া: আয়াত নং ৪৭)

বুখারী শরীফের হাদিস :

যখন ইব্রাহীম (আঃ) কে আগুনে নিক্ষেপ করা হয়, তখন তিনি আল্লাহর কাছে প্রার্থনা করেছিলেন -

- **حسبنا الله, ونعم الوكيل**

‘একমাত্র আল্লাহই আমাদের জন্য যথেষ্ট, সবকিছুর সিদ্ধান্ত তাঁরই আয়ত্তাধীন’।

মুসলিম শরীফের হাদিস :

রাসূল সাঃ দোয়া শিখিয়েছেন -

- **حسبنا الله, لا اله الا هو, عليه توكلت, وهو رب العرش العظيم**

‘আল্লাহই আমাদের জন্য যথেষ্ট, তিনি ছাড়া কোন ইলাহ নেই। তাঁর উপরই আমি ভরসা করছি, তিনি আরশে আজীমের (মহান সিংহাসনের) রব’।

ফজর ও আসর সালাতের পর কেউ যদি এই দোয়া ৭ বার পড়ে, তবে আল্লাহ দুনিয়া ও আখেরাতে তার চিন্তার ও অবস্থার যত্ন নিবেন।

রাসূল সাঃ যে ভাবে আমাদেরকে আল্লাহর কাছে দোয়া করতে শিখিয়েছেন, সেই ভাবে মাতৃভাষায় অথবা আরবি ভাষায় মনের আকুতি মিশিয়ে, অত্যন্ত অবনত মস্তকে, হিসাব গ্রহণকারী আল্লাহর কাছে প্রার্থনা করি-
হে আল্লাহ বিচারের দিন আমাদের হিসাব সহজ করে আপনার রহমতের চাদরে আমাদের আচ্ছাদিত করুন।
আমাদের শিরক মুক্ত জীবন যাপনের তৌফিক দান করুন। কারণ, শিরকের গুনাহ আপনি মাফ করবেন না বলে ঘোষণা দিয়েছেন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমা তুল্লাহি ওয়াবাবাকাতুহ।